

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
প্রাথমিক শিক্ষার জন্য উপবৃত্তি প্রদান প্রকল্প-৩য়-পর্যায়
১৪৭/এফ, গ্রীণরোড, ঢাকা-১২০৫।

নং-৩৮.০১.০০০০.১৯০.১৮.০০৪.১৬-

তারিখঃ ২৫/০৩/২০১৮

প্রজ্ঞাপন

প্রাথমিক শিক্ষার জন্য উপবৃত্তি প্রদান প্রকল্প (৩য় পর্যায়)-এর আওতায় সমগ্র দেশে সরকারি প্রাথমিক বিদ্যালয়, স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসা, সরকারি প্রাথমিক বিদ্যালয়ে চালুকৃত ৬ষ্ঠ-৮ম শ্রেণি, মাধ্যমিক বিদ্যালয় সংযুক্ত প্রাথমিক বিদ্যালয় ও শিশু কল্যাণ ট্রাস্টের সকল শিক্ষার্থীকে উপবৃত্তি প্রদান করা হয়। সমগ্র বাংলাদেশে উপবৃত্তির সুবিধা বৃদ্ধির লক্ষ্যে ২০১৭-১৮ অর্থবছর থেকে সিটি কর্পোরেশন ও পৌরসভার শিক্ষা প্রতিষ্ঠানকে উপবৃত্তির আওতাভুক্ত করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। সংশোধিত ডিপিপি ও পরিপত্র অনুযায়ী সিটি কর্পোরেশন ও পৌরসভা এলাকায় শুধু প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক পরিচালিত/নিয়ন্ত্রিত সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসা উপবৃত্তির সুবিধাপ্রাপ্ত হবে। সিটি কর্পোরেশন ও পৌরসভার আওতাভুক্ত সকল পিটিআই সংলগ্ন পরীক্ষণ বিদ্যালয় যেহেতু প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক পরিচালিত/নিয়ন্ত্রিত সেহেতু সকল পরীক্ষণ বিদ্যালয় জুলাই ২০১৭ হতে প্রকল্পভুক্ত বলে বিবেচিত হবে। এক্ষেত্রে উপবৃত্তি প্রদানে সুবিধাভোগী নির্বাচনে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ২০/০২/২০১৮ তারিখে ৩৮.০০.০০০০. ০০৯.১৪.০১৫.১৬-৩৭ নং স্মারকে জারিকৃত পরিপত্রের সকল নীতিমালা যথাযথভাবে অনুসরণ করতে হবে।

স্বাঃ

(ড. মহিউদ্দীন আহমেদ)
প্রকল্প পরিচালক(যুগ্ম-সচিব)
ফোন: ৯১১৩৫৯৫

তারিখঃ ২৫/০৩/২০১৮

নং-৩৮.০১.০০০০.১৯০.১৮.০০৪.১৬- ১৫০)

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হ'ল :

১. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃঃ আঃ-অতিরিক্ত সচিব, উন্নয়ন)
২. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।
৩. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, সচিবালয় ভবন (৩য় ফেজ), ৫ম তলা, সেগুন বাগিচা, ঢাকা।
৪. থানা নির্বাহী অফিসার (সকল) | পিটিআই সংলগ্ন পরীক্ষণ বিদ্যালয়ের সকল শিক্ষার্থীদের পরিপত্রের আলোকে উপবৃত্তির তালিকাভুক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৫. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)
৬. থানা শিক্ষা অফিসার (সকল)
৭. মনিটরিং অফিসার, প্রাথমিক শিক্ষার জন্য উপবৃত্তি প্রদান প্রকল্প (৩য়-পর্যায়), জেলা প্রাথমিক শিক্ষা অফিস (সকল)
৮. সংরক্ষণ নথি।

(ড. মহিউদ্দীন আহমেদ)
প্রকল্প পরিচালক

স্বাক্ষরিত/তারিখঃ
২৫/৩/১৮

স্বাক্ষরিত/তারিখঃ
২৫/৩/১৮